

আগুনে পুড়ে গেছে কলসিন্দুরের মেয়েদের সনদ ও পদক আইন ও সালিশ কেন্দ্র (আসক)-এর গভীর উদ্বেগ

নারী ফুটবলারদের জন্য বিখ্যাত ময়মনসিংহের কলসিন্দুর উচ্চ মাধ্যমিক স্কুল এবং কলেজের অফিস কক্ষে দুর্বৃত্তদের দেওয়া আগুনে বিভিন্ন ফুটবল প্রতিযোগিতায় মেয়েদের পাওয়া কিছু সনদ ও পদক পুড়ে গেছে। স্থানীয়সূত্রে জানা যায়- স্কুল ভবনের একটি কক্ষের তালা ভেঙ্গে ভিতরে থাকা সনদ ও পদক সহ বিভিন্ন কাগজপত্রে আগুন দেয় দুর্বৃত্তরা।

বাংলাদেশের ফুটবল ইতিহাসে কলসিন্দুর স্কুলের ছাত্রীদের অসামান্য অবদান জাতিকে মর্যাদা এনে দিয়েছে। স্বনামধন্য এই স্কুলের মেধাবী খেলোয়াররা দেশের অন্যান্য স্কুলের জন্য দৃষ্টান্ত তৈরী করেছে। আসক এ ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেছে এবং সুষ্ঠু তদন্তের মাধ্যমে এ ঘটনার সাথে জড়িতদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের দাবি জানাচ্ছে।

আসক একটি মানবাধিকার ও আইনগত সহায়তা কেন্দ্র

Ain o Salish Kendra (ASK) is a human rights and legal aid resource centre in consultative status with UNECOSOC
7/17, Block-B, Lalmatia, Dhaka-1207, Bangladesh, P.O. Box: 3252, Tel: 880-2-8126047, 8126134, 8126137, Fax: 880-2-8126045
Email: ask@citechco.net, Website: www.askbd.org